শ্রীমংগল উপজেলা কমিটিতে ১২ঃ৮৮ অনুপাতে,
ঝিনাইগাতি উপজেলা কমিটিতে ১৭ঃ৮৩ অনুপাতে,
শেরপুর সদর উপজেলা কমিটিতে ২৫ঃ৭৫ অনুপাতে এবং
কালিয়াকৈর উপজেলা কমিটিতে ১৫ঃ৮৫ অনুপাতে

এবং উক্ত STD একাউন্ট দুইটি যথাক্রমে আয় বিধায়ক তহবিল STD একাউন্ট - ১ ও আয় বিধায়ক তহবিল STD একাউন্ট - ২ নামে অভিহিত হইবে।

(৭) উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লেখিত STD একাউন্ট - ১ হইতে উপজেলা কমিটির প্রাতিষ্ঠানিক ব্যয় সংলগ্নী - ১ মোতাবেক নির্বাহ করা হইবে।

(৮) উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লেখিত STD একাউন্ট - ২ হইতে উপজেলা কমিটি উহার আওতাধীন সম্পদ ব্যবস্থাপনা সংগঠন সমূহের আবেদনের ভিত্তিতে, উপযুক্ত মনে করিলে, উক্ত সংগঠনগুলিকে সংলগ্নী - ২ এ উল্লেখিত বিষয়ে অনুদান এবং সংলগ্নী - ৩ এ উল্লেখিত বিষয়ে বিনা সুদে ঋণ মঞ্জুর করিতে পারিবে।

(৯) উপ-অনুচ্ছেদ (৮) এ উল্লেখিত STD একাউন্ট - ২ এবং উপ-অনুচ্ছেদ (৭) এ উল্লেখিত STD একাউন্ট - ১ এর অর্থ কোন অবস্থাতেই পরস্পরের মধ্যে স্থানান্তর করা যাইবে না।

৫। আয় বিধায়ক তহবিলের ব্যাংক একাউন্ট পরিচালনা।-

(১) পরিপত্রের বিধান সাপেক্ষে, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক এবং জেলা মৎস্য কর্মকর্তার যৌথ স্বাক্ষরে উপ-অনুচ্ছেদ ৪(১) এ উল্লেখিত ৪ টি উপজেলা সদরে উপ-অনুচ্ছেদ ৪(৩) এ বর্ণিত কোন একটি ব্যাংকে আয় বিধায়ক তহবিলের মূল অর্থ মেয়াদী জমা হিসাবে জমাকৃত হইবে।

জমাকৃত অর্থের উপর আহরিত সুদের ১০% মূল তহবিলের সহিত যুক্ত হইতে থাকিবে এবং অবশিষ্ট ৯০% সুদ উপ-অনুচ্ছেদ ৪(৬) এ উল্লেখিত অনুপাতে যথাক্রমে STD একাউন্ট-১ এবং STD একাউন্ট-২ এ, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, আপনা আপনি (automatic) স্থানান্তর হইতে থাকিবে ।

আয় বিধায়ক তহবিলের মূল অর্থ কেবলমাত্র অনুচ্ছেদ ১৬ মোতাবেক সরকারের সিদ্ধান্ত অনুসারে উক্ত তহবিলের অবসায়ন হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা মৎস্য কর্মকর্তার যৌথ স্বাক্ষরে উত্তোলন করা যাইবে এবং সেক্ষেত্রে অনুচ্ছেদ ১৫ এর উপ-অনুচ্ছেদ ৪(ক) ও ৪(খ) অনুসারে উত্তোলিত অর্থ অবিলম্বে সরকারী কোষাগারে জমা করিতে হইবে।

(২) অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লেখিত তহবিলের STD একাউন্ট দুইটি পরিপত্রের বিধান সাপেক্ষে, উপজেলা কমিটির চেয়ারম্যান ও সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে ;

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান বা সদস্য সচিব এই দুই জনের যে কেহ কর্মস্থলে অনুপস্থিত থাকিলে তদস্থলে যিনি উক্ত পদের দায়িত্বে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত থাকিবেন তিনি দস্তখতকারী হইবেন।

৬। সম্পদ ব্যবস্থাপনা সংগঠন।-

(১) জলাভূমির ব্যবস্থাপনার জন্য সম্পদ ব্যবস্থাপনা সংগঠন নামে একটি সংগঠন গঠিত হইতে হইবে।

(২) মাচ্ প্রকল্পের অধীন ইতোমধ্যে গঠিত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক রেজিষ্ট্রিকৃত সম্পদ ব্যবস্থাপনা সংগঠন উহাদের গঠনতন্ত্র মোতাবেক পরিচালিত হইবে এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি উপজেলা কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী পরিচালিত হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর বিধান মোতাবেক রেজিষ্ট্রীকৃত গঠনতন্ত্রের পরিবর্তন, পরিবর্ধন অথবা নুতনভাবে গঠিত সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের গঠনতন্ত্র উপজেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং সংশ্লিষ্ট দপ্তরে যথাযথ ভাবে নিবন্ধিত হইতে হইবে এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি উপজেলা কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী পরিচালিত হইবে।

(৪) এই অনুচ্ছেদে যাহা কিছুরই উল্লেখ থাকুক না কেন, মাচ্ প্রকল্পের অধীন যে সকল সম্পদ ব্যবস্থাপনা সংগঠন গঠিত হইয়াছে এবং কার্যকর রহিয়াছে, সেই সকল সংগঠন এই পরিপত্রের অধীনে গঠিত সংগঠন বলিয়া গণ্য হইবে এবং কার্যকর থাকিবে।

৭। সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের দায়িত্ব ও কার্যাবলী।-

(১) প্রতিটি সম্পদ ব্যবস্থাপনা সংগঠন -

(ক) জলাভূমি সম্পদের টেকসই উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, উহার উপর নির্ভরশীল জলাভূমির পার্শ্ববর্তী মৎস্যজীবী ও দরিদ্রজনগোষ্ঠীর উক্ত সম্পদে প্রবেশাধিকার সহ কর্মের সুযোগ সৃষ্টি এবং তাহাদের সার্বিক মঙ্গল সাধনের ব্যবস্থা করিবে ;

(খ) স্ব স্ব গঠনতন্ত্রে উল্লেখিত দায়িত্ব পালন ও কার্যাবলী সম্পাদন করিবে ;

(গ) উপজেলা কমিটি কর্তৃক সময় সময় নির্দেশিত অন্যান্য কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।

৮। সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের তহবিল।-

প্রত্যেক সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের একটি তহবিল থাকিবে এবং উহা সংশ্লিষ্ট সংগঠনের গঠনতন্ত্র মোতাবেক পরিচালিত হইবে।

৯। উপজেলা ফিসারীজ কমিটি গঠন।-

(১) অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (১) এ উল্লেখিত প্রত্যেক উপজেলায় সরকার কর্তৃক জারীকৃত আদেশমূলে গঠিত একটি উপজেলা ফিসারীজ কমিটি থাকিবে ;
তবে উল্লেখ থাকে যে উপজেলা ফিশারীজ কমিটি গঠিত না হওয়া পর্যন্ত বর্তমান স্থানীয় সরকার কমিটি কার্যকর থাকিবে।

(২) পরিপত্রের শর্ত পূরণ সাপেক্ষে এবং সরকারের পূর্বানুমোদনক্রমে, অন্যান্য উপজেলায়ও উপজেলা ফিসারীজ কমিটি গঠিত হইতে পারিবে।

১০। বাৎসরিক কর্মপরিকল্পনা, বাজেট প্রণয়ন এবং অনুমোদন।-

(১) অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৫) এ উল্লেখিত আয় বিধায়ক তহবিলের অর্থ ব্যয়নের জন্য সংশ্লিষ্ট উপজেলা কমিটি প্রতি অর্থ বৎসরের জন্য একটি কর্মপরিকল্পনা ও বাজেট প্রণয়ন করিবে।

(২) কর্মপরিকল্পনা ও বাজেটের প্রথম অংশে অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৭) এ উল্লেখিত সংলগ্নী - ১ এ বিধৃত সকল কার্যক্রম ও উহার প্রাক্কলিত ব্যয় অন্তর্ভূক্ত হইবে এবং দ্বিতীয় অংশে অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৮) এ উল্লেখিত সংলগ্নী - ২ ও ৩ এ বিধৃত সকল কার্যক্রম ও উহার প্রাক্কলিত ব্যয় সন্নিবেশিত হইবে ; অর্থাৎ উপরিউক্ত কর্মপরিকল্পনা ও বাজেটের প্রথম অংশে উপজেলা কমিটির প্রাতিষ্ঠানিক ব্যয় এবং দ্বিতীয় অংশে সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত ব্যয় অন্তর্ভূক্ত হইবে।

(৩) আয় বিধায়ক তহবিল হইতে সহায়তা পাইতে ইচ্ছুক প্রতিটি সম্পদ ব্যবস্থাপনা সংগঠন প্রতি বৎসর উহার পরবর্তী অর্থ বৎসরের জন্য বাজেট সহ কর্মপরিকল্পনা প্রস্তুত করত: ১৫ই মে এর মধ্যে উপজেলা কমিটির সদস্য সচিবের নিকট দাখিল করিবে। উপজেলা কমিটির পক্ষ থেকে নির্ধারিত কর্মকর্তা প্রয়োজনবোধে স্কীম প্রণয়নকালে সম্পদ ব্যবস্থাপনা সংগঠনকে সহায়তা প্রদান করিবে। STD একাউন্ট-১ এর জন্যও ১৫ই মে এর মধ্যে উপজেলা কমিটির সদস্য-সচিব পরিকল্পনা ও বাজেট প্রণয়ন করিবেন।

(৪) সকল প্রকার সংশয় দূরীকরণার্থে উল্লেখ করা যাইতেছে যে, প্রত্যেক সম্পদ ব্যবস্থাপনা সংগঠন সাধারণভাবে নিজস্ব আয়লব্ধ অর্থ হইতে স্ব স্ব কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্যই গঠিত বিধায় লভ্য অর্থের সীমাবদ্ধতা হেতু কেবলমাত্র জরুরী অথবা বিশেষক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপনার উদ্দেশ্যে যাহার সুফল সংগঠনের নিজস্ব এলাকার বাহিরেও ছড়াইবে এমন ক্ষেত্রে আয় বিধায়ক তহবিলের অর্থের জন্য প্রকল্প দাখিল করিবে।

(৫) কর্মপরিকল্পনায় করণীয় কার্যের পূর্ণ বিবরণ, কার্যসম্পাদনের সময়সীমা এবং বিস্তারিত প্রাক্কলিত ব্যয় স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে । প্রস্তাবগুলি তাহাদের চলমান সম্পদ ব্যবস্থাপনা পরিকল্পনার সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে এবং একই সঙ্গে কি প্রকারে সহ-অর্থায়ন / স্থানীয় জনগণের অবদান পাওয়া যাইবে এবং উহার পরিমান কি হইবে তাহা উল্লেখ করিতে হইবে। প্রস্তাবিত কার্য্যক্রমের সর্বোচ্চ ৯০% এর জন্য আয় বিধায়ক তহবিলের অর্থ ব্যবহার করা যাইবে। অবশিষ্ট ১০% অবশ্যই নগদ অর্থ অথবা দ্রব্য দ্বারা সম্পদ ব্যবস্থাপনা সংগঠন অথবা অন্যসূত্রে প্রাপ্ত হইতে হইবে। সম্পদ ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক প্রস্তাবিত প্রতিটি কার্যক্রম টা. ৭৫,০০০ এর উর্দ্ধে (সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের ১০% সহ) হইবে না ।

(৬) শ্রীমংগল উপজেলার হাইল হাওরস্থ স্থায়ী অভয়াশ্রমের ব্যবস্থাপনা এবং সংরক্ষণের জন্য এস টি ডি একাউন্ট-২ এর মোট অর্থের ২০ শতাংশ রিজার্ভ থাকিবে।

(৭) যে কার্যক্রম পানি শূণ্যতা সৃষ্টির দ্বারা অথবা অন্য কোন ভাবে জলাভূমির মাছ, জলজ উদ্ভিদ, জীবজন্তু ইত্যাদি সম্পদের জন্য ক্ষতিকর হয় উহাতে কোনভাবেই অর্থায়ন করা যাইবেনা। সকল কার্যক্রমের প্রস্তাব জলাভূমি সম্পদ উন্নয়ন সংক্রান্ত হইতে হইবে।

(৮) উপজেলা কমিটিতে উপস্থাপনের পূর্বে প্রণীত কর্মপরিকল্পনাগুলি সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের সাধারণ সভায় পর্যালোচনা পূর্বক অনুমোদিত হইতে হইবে।

(৯) প্রতি বৎসর ১৫ই জুনের মধ্যে উপজেলা কমিটির সভায় উপ-অনুচ্ছেদ (২) এ উল্লেখিত কর্মপরিকল্পনা ও বাজেট আলোচিত ও অনুমোদিত হইবে ;

উল্লেখ থাকে যে, বিভিন্ন সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের নিকট হইতে প্রাপ্ত প্রকল্পের উপর বিস্তারিত আলোচনার পর আয় বিধায়ক তহবিল হইতে প্রাপ্ত অর্থের পরিমাণের ভিত্তিতে, গুরুত্ব অনুসারে, প্রকল্প অনুমোদিত হইবে এবং পরবর্তী অর্থ বৎসরের কর্মপরিকল্পনার অন্তর্ভূক্ত করা হইবে।

(১০) উপজেলা কমিটিতে অনুমোদিত প্রকল্পগুলির বাস্তবায়ন কার্যক্রম শুরু করিবার পূর্বে ঐগুলির আর্থিক সংশ্লেষ সহ বিস্তারিত বিবরণ সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের সাধারণ সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করিতে হইবে।

(১১) উপ-অনুচ্ছেদ ৯ এ উল্লেখিত সভায় চলতি অর্থ বৎসরের কর্মপরিকল্পনা ও বাজেটের তিন কোয়ার্টারের বাস্তবায়ন ও ব্যয়ন পরিস্থিতি উত্থাপিত, আলোচিত এবং এতদসম্পর্কে প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হইবে।

(১২) জরুরী বা অপরিহার্য ক্ষেত্রে অথবা যাহা সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের সম্পূরক আয় বৃদ্ধিতে ভূমিকা রাখিবে সে ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক প্রণীত প্রকল্পে সুদমুক্ত ঋণ অনুমোদন করা যাইবে। একটি সম্পদ ব্যবস্থাপনা সংগঠন একবার ঋণ গ্রহণের পর তাহা পরিশোধ না হওয়া পর্যন্ত ঐ সংগঠনকে আর ঋণ দেওয়া যাইবে না। একটি সংগঠনকে এক বৎসরের জন্য একবার ঋণ দেওয়া যাইবে এবং উহার সর্বোচ্চ পরিমাণ হইবে টা.১৫০০০.০০।

তবে শর্ত থাকে যে STD account-2 এক বৎসরে আয় বিধায়ক তহবিল হইতে যে পরিমাণ অর্থ জমা হইবে তার ১০% এর বেশী ঋণ হিসাবে ঐ বছরে অনুমোদন করা যাইবে না।

(১৩) উপ-অনুচ্ছেদ (৯), (১১) এবং (১২) এ উল্লেখিত সিদ্ধান্ত সমূহ উপজেলা কমিটির মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠের সম্মতিতে গৃহীত হইবে।

১১। ব্যয়ের পদ্ধতি।

(১) STD- একাউন্ট-১ এর অধীনে সকল ব্যয় সরকারী বিধিমালা অনুযায়ী নির্বাহ করিতে হইবে এবং সকল বিল ভাউচার সদস্য-সচিবের দপ্তরে সংরক্ষণ করিতে হইবে।

(২) সম্পদ ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক STD একাউন্ট-২ এর যাবতীয় ব্যয় উহার গঠনতন্ত্রের নিয়ম নীতি এবং সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত নিয়ম অনুযায়ী নির্বাহ করিতে হইবে এবং সংশ্লিষ্ট বিল ভাউচারাদির ফটোকপি সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের অফিসে সংরক্ষণ পূর্বক মূল কপি উপজেলা কমিটির সদস্য-সচিবের নিকট জমা প্রদান করিতে হইবে।

১২। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।-

অভ্যন্তরীণ নিরীক্ষা।-

(১) সংশ্লিষ্ট প্রতিটি সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের অধীনে স্ব স্ব গঠনতন্ত্র অনুযায়ী গঠিত অভ্যন্তরীণ অডিট টিম উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত ঐ সংগঠনের কার্যক্রমের অডিট পরিচালনা করিবে। অডিট রিপোর্ট মতামত সহ উপজেলা কমিটির সভায় উপস্থাপন করিতে হইবে।

(২) উপজেলা কমিটি কর্তৃক উপ-অনুচ্ছেদ ১০(৯) এর সভায় উপ-অনুচ্ছেদ ১৩(১) অনুসারে গঠিত কমিটির প্রতিবেদনে যদি দেখা যায় কোন সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের অনুমোদিত কার্যক্রমের বাস্তবায়ন সন্তোষজনক নয় বা আর্থিক অনিয়ম রহিয়াছে তবে সেই সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের ঐ কার্যক্রম সন্তোষজনক ভাবে সম্পন্নের পর এবং আর্থিক অনিয়ম নিষ্পত্তির পরই কেবল মাত্র পরবর্তী কিস্তির অর্থছাড় কিংবা পরবর্তী বৎসরের কার্যক্রম অনুমোদিত হইবে।

বহিঃ নিরীক্ষা।-

(১) উপজেলা কমিটি সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে আয় বিধায়ক তহবিলের হিসাব রক্ষণ করিবে। অর্থ বৎসর শেষ হওয়ার ৩ মাসের মধ্যে উপজেলা কমিটি আয় বিধায়ক তহবিল এর হিসাব রক্ষণ এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে এবং প্রস্তুতকৃত বিবরণী উপজেলা কমিটির সভায় অনুমোদনের পর অনুলিপি সংশ্লিষ্ট জেলা প্রশাসক, জেলা মৎস্য কর্মকর্তা ও মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরের নিকট প্রেরণ করিবে।

(২) আয় বিধায়ক তহবিল এবং সম্পদ ব্যবস্থাপনা সংগঠনকে আয় বিধায়ক তহবিল হইতে প্রদত্ত অর্থ ব্যয়ের হিসাব সরকারী অডিট টিম দ্বারা বাৎসরিক ভিত্তিতে নিরীক্ষা করা হইবে। প্রয়োজনে মৎস্য অধিদপ্তর বিশেষ অডিট টীম নিয়োগ পূর্বক বৎসরের যে কোন সময় উক্ত হিসাব নিরীক্ষা করাইতে পারিবেন।

(৩) নিরীক্ষা রিপোর্টের কপি সরকার, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা মৎস্য কর্মকর্তা এবং সংশ্লিষ্ট উপজেলা কমিটির নিকট পেশ করিতে হইবে।

১৩। আয় বিধায়ক তহবিল এবং তদসম্পর্কিত কার্যাদির মনিটরিং।-

(১) সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের অনুমোদিত কার্যক্রম সমূহের সঠিক বাস্তবায়ন ও তদসংক্রান্ত আর্থিক ব্যবস্থাপনা পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য উপজেলা কমিটির ০১ জন সরকারী কর্মকর্তা সদস্যের নেতৃত্বে অবশিষ্ট সদস্যদের মধ্য হইতে ১ জন ইউপি চেয়ারম্যান এবং ১ জন সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের প্রতিনিধির সমন্বয়ে প্রতি বৎসর উপজেলা কমিটির অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ (৯) এ উল্লেখিত সভায় একটি কমিটি গঠন করিতে হইবে। উক্ত কমিটি অনুমোদিত কার্যক্রম বাস্তবায়নকালে সরেজমিনে প্রকল্প পরিদর্শন পূর্বক উপজেলা কমিটির নিকট প্রতিবেদন পেশ করিবে। উক্ত কমিটিতে যদি সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের সদস্য অর্ন্তভূক্ত থাকেন তবে কমিটি কর্তৃক তাহার সংগঠনের কার্যক্রম পরিবীক্ষণ, তদারকী ও মূল্যায়নকালে তাহার কোন ভূমিকা থাকিবে না। যে উপজেলা কমিটির অধীনে একটি মাত্র সম্পদ ব্যবস্থাপনা সংগঠন আছে সে ক্ষেত্রে ঐ সংগঠনের সদস্য ব্যতীত উপজেলা কমিটির অবশিষ্ট সদস্যদের মধ্য হইতে ১ জন সরকারী কর্মকর্তার নেতৃত্বে ২ সদস্যের কমিটি গঠন করিতে হইবে।

(২) সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা মৎস্য কর্মকর্তা আয় বিধায়ক তহবিলের অর্থ উত্তোলন, ব্যয় এবং উহা দ্বারা সম্পাদিত এবং সম্পাদিতব্য কার্যাদি পরিবীক্ষণ করিবেন এবং উপজেলা কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিবেন। উভয়ের পরামর্শে দ্বৈততা থাকিলে বিষয়টি নিরসনের জন্য উপজেলা কমিটি উভয় কর্মকর্তার সম্মিলিত পরামর্শের জন্য তাহাদের নিকট পেশ করিবে। এই পরিপত্রের আলোকে উভয় কর্মকর্তার ঐকমত্যের ভিত্তিতে যৌথ স্বাক্ষরে প্রদত্ত উপদেশ পালন উপজেলা কমিটির জন্য বাধ্যতামূলক হইবে।

১৪। যে ক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।-

উপজেলা কমিটি পরিপত্রের কোন বিষয়ে সিদ্ধান্তে পৌঁছাইতে অসমর্থ হইলে, বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা মৎস্য কর্মকর্তার নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করিতে হইবে এবং এই ক্ষেত্রে উভয় কর্মকর্তার মধ্যে ঐকমত্য না হইলে, বিষয়টি সিদ্ধান্তের জন্য সরকারের নিকট প্রেরণ করিতে হইবে এবং উহাতে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

১৫। জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা।-

কোন কর্তৃপক্ষ, যে নামেই অভিহিত হউক, এর ক্ষমতা ও দায়িত্ব সম্পর্কে পরিপত্রে অস্পষ্টতার কারণে কার্যকর করার ক্ষেত্রে অসুবিধা দেখা দিলে বা জটিলতা পরিলক্ষিত হইলে, সরকার, পরিপত্রের উদ্দেশ্য ও লক্ষ্যের সহিত সামঞ্জস্য রাখিয়া সংশ্লিষ্ট অসুবিধা ও জটিলতা দূরীকরণসহ পরিপত্রের বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করতঃ কর্তৃপক্ষের করণীয় বিষয়ে দিক নির্দেশনা দিতে পারিবে।

১৬। বিশেষ অবস্থায় স্থানীয় সরকার কমিটি অব্যাহত থাকা।-

অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (১) এ উল্লেখিত ৪ টি উপজেলার জন্য উপজেলা ফিসারীজ কমিটি গঠিত না হওয়া পর্যন্ত উক্ত কমিটির দায়িত্ব ও কার্যাবলী স্থানীয় সরকার কমিটি কর্তৃক পালিত ও সম্পাদিত হইবে এবং মাচ প্রকল্পের সমাপ্তির পরও এই ব্যবস্থা অব্যাহত থাকিবে।

১৭। আয় বিধায়ক তহবিলের অবসায়ন।-

(১) অনুচ্ছেদ ১৩ উপ-অনুচ্ছেদ (২) মোতাবেক আয় বিধায়ক তহবিলের কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ কালে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা মৎস্য কর্মকর্তার নিকট যদি প্রতীয়মান হয় যে, যে উদ্দেশ্যে আয় বিধায়ক তহবিল গঠন করা হইয়াছে সেই উদ্দেশ্যে আয় বিধায়ক তহবিল পরিচালিত হইতেছে না বা আয় বিধায়ক তহবিল উহার উদ্দেশ্য পূরণে বা ঈপ্সিত ফল লাভে ব্যর্থ হইয়াছে, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা মৎস্য কর্মকর্তা যৌথ স্বাক্ষরে সংশ্লিষ্ট উপজেলা কমিটির নিকট ব্যাখ্যা চাহিবেন।

(২) ব্যাখ্যার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা মৎস্য কর্মকর্তা উভয়ের নিকট সন্তোষজনক না হইলে, তাহারা আয় বিধায়ক তহবিলের অবসায়নের জন্য সরকারের নিকট যৌথ ভাবে সুপারিশ করিতে পারিবেন।

(৩) উক্ত উভয় কর্মকর্তার সিদ্ধান্ত একই না হইলে, উভয়ের মতামতসহ যৌথ স্বাক্ষরে বিষয়টি সরকারের নিকট অনুচ্ছেদ ১৪ অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রেরণ করা হইবে । উপরন্তু, উভয় কর্মকর্তা নিজস্ব মতামত স্ব স্ব দপ্তর প্রধানের মাধ্যমে সরকারের নিকট প্রেরণ করিবেন।

(৪) সরকার সার্বিক পরিস্থিতি বিবেচনাক্রমে (প্রয়োজনে তদন্ত পূর্বক) যে কোন সময় আয় বিধায়ক তহবিলের অবসায়ন ঘটাইতে পারিবে এবং সে ক্ষেত্রে -

(ক) অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৩) এ উল্লেখিত তহবিল সমূহের সমুদয় অর্থ সরকারী কোষাগারে জমা হইবে ;

(খ) উক্ত তহবিল হইতে কোন সম্পদ ব্যবস্থাপনা সংগঠনকে প্রদত্ত ঋণের অর্থ অব্যয়িত থাকিলে সেই অব্যয়িত অর্থও সরকারী কোষাগারে জমা হইবে।

১৮। **সাধারণ ।-**

(১) সরকার প্রয়োজনে মৎস্য অধিদপ্তরের সাথে আলোচনাক্রমে এবং আয় বিধায়ক তহবিলের পরিচালনা কার্যক্রম পর্যালোচনা পূর্বক এই পরিপত্রের কোন অনুচ্ছেদ বা উহার অংশবিশেষ বাতিল, পরিবর্তন, পরিবর্ধন বা নতুন কোন অনুচ্ছেদ সংযোজন করিতে পারিবে।

২৩/০৭

(কামরুল হাসান)
ভারপ্রাপ্ত সচিব
মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়

বিতরণ ঃ

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/ সিলেট বিভাগ।
৪. বিভাগীয় উপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/ সিলেট বিভাগ।
৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার / শেরপুর / গাজীপুর।
৬. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার / শেরপুর / গাজীপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমংগল / শেরপুর সদর/ ঝিনাইগাতী/ কালিয়াকৈর।
৮. সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমংগল / শেরপুর সদর/ ঝিনাইগাতী/ কালিয়াকৈর।
৯. Chief of Party, MACH Project, House#2, Rd.# 23A, Gulshan-1, Dhaka-1212.

সংলগ্নী -১

উপজেলা কমিটির (UFC) প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যয় নির্বাহের খাত সমূহ (এসটিডি একাউন্ট -১)

ক্রঃ	ব্যয়ের খাত	এসটিডি একাউন্ট ১ এ জমাকৃত অর্থের বাৎসরিক ব্যয়ের সর্বোচ্চ হার (%) শ্রীমংগল	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
১	**কমিটির সভা সংক্রান্ত ব্যয়** সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের যাতায়াত ভাতা (প্রতি সভায়) আরএমও প্রতিনিধির (১জন করে) যাতায়াত ভাতা (প্রতি সভায়) এফআরইউজি এর প্রতিনিধির (১জন করে) যাতায়াত ভাতা (প্রতি সভায়) সভায় আপ্যায়ন ব্যয় (প্রতি সভায়) জনপ্রতি সভার কার্যপত্র/ কার্যবিবরণী ফটোকপি বাবদ ব্যয় সভার নোটিশ বিতরণ সভায় জিনিষপত্র (কলম, নোটবুক ইত্যাদি) অন্যান্য/ বিবিধ **UFC অফিস চালানো ব্যয়ঃ** কাগজপত্র, স্টেশনারী, অন্যান্য আনুষঙ্গিক বিষয় সভার ও অন্যান্য চিঠিপত্র টাইপ করা বাবদ সভার দিনে কাজ করার জন্য ১জন পিওনের মজুরী কমিটি অনুমোদিত এতদসংক্রান্ত অপ্রত্যাশিত খাতে ব্যয়	২৫%	৩০%	৩৩%	২৬%
২	**জলাভূমি, RMO, FRUG সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন/ পরিবীক্ষণ এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের ভ্রমণ ভাতা** UFO এর জন্য AFO এর জন্য UNO এর জন্য DFO এর জন্য DC / AD(Rev)এর জন্য	২৫%	২০%	২০%	২৫%
৩	**UFO, UNO, DFO এর যানবাহনের জ্বালানী ও ছোটখাট মেরামত বাবত** UFO জ্বালানী ও ছোটখাট মেরামত বাবত UNO জ্বালানী ও ছোটখাট মেরামত বাবত DFO জ্বালানী ও ছোটখাট মেরামত বাবত	২০%	২০%	২২%	২৪ %

ক্রঃ	ব্যয়ের খাত	এসটিডি একাউন্ট ১ এ জমাকৃত অর্থের বাৎসরিক ব্যয়ের সর্বোচ্চ ব্যয় (%)			
		শ্রীমংগল	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
৪	জলাভূমি সংক্রান্ত কতিপয় কার্যক্রমে UFC কর্তৃক সরাসরি ব্যয় জলাভূমি ব্যবস্থাপনায় হালনাগাদ তথ্যাদি বিষয়ে সচেতনতা অনুষ্ঠান জলাভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ RMO সদস্যদের নিয়ে বার্ষিক পর্যালোচনা সভা, দিবস উৎযাপন, ফিল্ড দিবস ইত্যাদি মেলায় অংশ গ্রহণ মৎস্য আইন প্রয়োগে সহযোগিতা সংশ্লিষ্ট বিষয়ে কর্মশালা	৩০% বা ততোধিক	৩০% বা ততোধিক	২৫% বা ততোধিক	২৫% বা ততোধিক

সংলগ্নী -২

জলাভূমির ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ, উন্নয়ন ইত্যাদি বিষয়ে সম্পদ ব্যবস্থাপনা সংগঠনকে অনুদান হিসাবে প্রদানযোগ্য খাতের ও এসটিডি একাউন্ট ২ এর ব্যয়ের বিবরণ

ক্রঃ	ব্যয়ের খাত	এসটিডি একাউন্ট ২ এ জমাকৃত অর্থের বাৎসরিক ব্যয়ের সম্ভাব্য আনুপাতিক হার শ্রীমংগল	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
১	স্থায়ী অভয়াশ্রম (সরকার ঘোষিত) ব্যবস্থাপনায় সহযোগিতা পাহারাদারের বেতন নৌকা তৈরি ও রক্ষনাবেক্ষণ পাহারাদারের ছাতা, টর্চ, ব্যাটারী ইত্যাদি গার্ডসেড, ডিসপ্লে সেন্টার রক্ষনাবেক্ষণ UFC এর সদস্য কর্তৃক পাহারা তদারকীর জন্য নৌকা ভাড়া স্থায়ী অভয়াশ্রমে ডালপালা দেয়া বাবদ	এস টি ডি একাউন্ট-২এ জমাকৃত অর্থের ২০ %		-	
২	জলাভূমি উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত ছোটখাট খনন কাজ নতুন অভয়াশ্রম প্রতিষ্ঠা জলজ/ রাইপেরিয়ান বৃক্ষের নতুন বনায়ন পুরাতন অভয়াশ্রমের মেরামত কাজে আংশিক ব্যয় নির্বাহ জলাভূমি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত অনুমোদিত স্কীমে ব্যয়	এস টি ডি একাউন্ট-২এ জমাকৃত অর্থের ৬৫ % বা ততোধিক।	এস টি ডি একাউন্ট- ২এ জমাকৃত অর্থের ৮৫ % বা ততোধিক। স্থায়ী অভয়াশ্রম রক্ষায় ও রক্ষণাবেক্ষনে অগ্রাধিকার দিতে হইবে।		
	এই পরিপত্রের আওতাধীন অর্থের আয়-ব্যয়ের অডিট ফি				

সংলগ্নী - ৩

সম্পদ ব্যবস্থাপনা সংগঠনকে ঋণ হিসাবে প্রদানযোগ্য খাতের বিবরণ

ক্রঃ	ঋণ প্রদানের খাত	পরিকল্পনা অনুমোদন সাপেক্ষে সম্ভাব্য পরিমাণ শ্রীমংগল	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
১	জরুরী বা অপরিহার্য ক্ষেত্রে অথবা যাহা আরএমও এর সম্পূরক আয় বৃদ্ধিতে ভূমিকা রাখিবে	এস টি ডি একাউন্ট- ২এ জমাকৃত অর্থের সর্বোচ্চ ১০ %			

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়
মৎস্য -৩ শাখা

নং-মপম/ম-৩/মাচ-১/২০০২(অংশ)/ ৪১ তারিখ ঃ ০৬/০২/২০০৭।

অফিস আদেশ

মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়ের Management of Acquatic Ecosystems through Community Husbandry (MACH) প্রকল্প প্রাথমিক পর্যায়ে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলায় শুরু হলেও পরবর্তীতে প্রকল্পের স্বার্থে এবং স্থানীয় জনগণের আগ্রহের পরিপ্রেক্ষিতে প্রকল্পের আওতা মৌলভীবাজার সদর উপজেলার নাজিরাবাদ এবং গিয়াসনগর ইউনিয়ন এর এলাকায় বিস্তৃত হওয়ায় এবং এই পরিপ্রেক্ষিতে অত্র মন্ত্রণালয়ের স্মারক নং- মপম/ম-৩/মাচ-১/২০০২(অংশ)/৩৩৪ তারিখ ২৮/৯/২০০৬ মোতাবেক মৌলভীবাজার সদর উপজেলায় পৃথক স্থানীয় সরকার কমিটি/উপজেলা ফিসারীজ কমিটি স্থাপনের নির্দেশ জারী হওয়ার পরিপ্রেক্ষিতে, অত্র মন্ত্রণালয়ের পরিপত্র নং-মপম/-৩/মাচ-১/২০০২/৪৫ তাং- ১৯/২/২০০৬ ইং এর অনুচ্ছেদে-২ এর উপ-অনুচ্ছেদে (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মৌলভীবাজার সদর উপজেলাকে এতদ্বারা উক্ত পরিপত্রের আওতাভূক্ত করিলেন।

২। একই সংগে পরিপত্রের সংশ্লিষ্ট ধারা সমূহে নিম্নলিখিত পরিবর্তন করা হইল ঃ

ক) অনুচ্ছেদ ৪(১) এ "মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলা" এর স্থলে "মৌলভীবাজার জেলা শ্রীমঙ্গল ও মৌলভীবাজার সদর উপজেলা" প্রতিস্থাপিত হইবে।

খ) অনুচ্ছেদ ৪(১) এ "মাচ্ প্রকল্পের কার্যক্রম উপরোক্ত ৪টি উপজেলা" এর স্থলে "মাচ্ প্রকল্পের কার্যক্রম উপরোক্ত ৫টি উপজেলা" প্রতিস্থাপিত হইবে।

গ) অনুচ্ছেদ ৪(১) এর (ক) উপ-অনুচ্ছেদটি বিলুপ্ত হইবে এবং পরবর্তী (খ) ও (গ) অনুচ্ছেদ (ক) ও (খ) তে পরিবর্তিত হইবে।

ঘ) অনুচ্ছেদ ৪(৬) এ উল্লেখিত ৪টি উপজেলার নামের সহিত "শ্রীমঙ্গল উপজেলা কমিটিতে ১২:৮৮ অনুপাতে," কথাগুলি "শ্রীমঙ্গল উপজেলা কমিটিতে ১০:৯০ অনুপাতে, (তবে উল্লেখ থাকে যে এস টি ডি একাউন্ট-২ এর ৯০ শতাংশ অর্থ হইতে ন্যূনতম ২.০ লক্ষ টাকা হাইল হাওড়স্থ বাইক্কা বিল স্থায়ী অভয়াশ্রমের জন্য লভ্য হইবে)" দ্বারা প্রতিস্থাপিত হইবে।
উহার পরবর্তী লাইনে "মৌলভীবাজার সদর উপজেলা কমিটিতে ১৮:৮২ অনুপাতে," সন্নিবেশিত হইবে।

ঙ) অনুচ্ছেদ ১০(৬) এর "মোট অর্থের ২০ শতাংশ রিজার্ভ থাকিবে" অংশটি "মোট অর্থ হইতে ন্যূনতম ২.০ লক্ষ টাকা লভ্য হইবে।" দ্বারা প্রতিস্থাপিত হইবে।

৩। পরিপত্রের সংলগ্নীগুলি নিম্নরূপভাবে সংশোধিত হইবে,-
সংলগ্নী ঃ ১, ২ ও ৩
মৌলভীবাজার সদর উপজেলা এই পরিপত্রে অন্তর্ভূক্ত করায় পূর্বে জারীকৃত পরিপত্রের সংলগ্নী- ১, ২ ও ৩ এতদসংযুক্ত সংলগ্নী ১, ২ ও ৩ এর দ্বারা প্রতিস্থাপিত হইবে।

০৭/০২/০৭
(সৈয়দ আতাউর রহমান)
সচিব
মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়।

বিতরণ ঃ

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/ সিলেট বিভাগ।
৪. বিভাগীয় উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা / সিলেট বিভাগ।
৫. জেলা প্রশাসক, মৌলভীবাজার/শেরপুর/গাজীপুর।
৬. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার/শেরপুর/গাজীপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর / শেরপুর সদর, ঝিনাইগাতী, শেরপুর / মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৮. সিনিয়র / উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর / শেরপুর সদর, ঝিনাইগাতী, শেরপুর/ মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৯. Mr. Darell L. Deppert, Chief of Party, MACH Project, House No.2 .(2nd, 3rd & 4th Floor), Road no.23/A, Gulshan-1, Dhaka-1212.
১০. প্রকল্প পরিচালক, মাচ (MACH) কার্যক্রমে বিনিয়োগ সহায়তা প্রকল্প, হাউজ নং-২, রোড নং-২৩/১৪, গুলশান-১,ঢাকা-১২১২।

সংলগ্নী -১ (২ পৃষ্ঠা)

উপজেলা কমিটির (UFC) প্রাতিষ্ঠানিক ও ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যয় নির্বাহের খাত সমূহ

(এসটিডি একাউন্ট -১)

ক্রঃ	ব্যয়ের খাত	এসটিডি একাউন্ট ১ এ জমাকৃত অর্থের বাৎসরিক ব্যয়ের খাতওয়ারী সর্বোচ্চ হার (%)				
		শ্রীমংগল	মৌলভী বাজার	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
১	কমিটির সভা সংক্রান্ত ব্যয় (১) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের যাতায়াত ভাতা (প্রতি সভায়) (২) আরএমও প্রতিনিধির (১জন করে) যাতায়াত ভাতা (প্রতি সভায়) (৩)এফআরইউজি এর প্রতিনিধির (১জন করে) যাতায়াত ভাতা (প্রতি সভায়) (৪) সভায় আপ্যায়ন ব্যয় (প্রতি সভায়) জনপ্রতি (৫) সভার কার্যপত্র/ কার্যবিবরণী ফটোকপি বাবদ ব্যয় (৬) সভার নোটীশ বিতরণ (৭) সভার জিনিষপত্র (কলম, নোটবুক ইত্যাদি) (৮) অন্যান্য/ বিবিধ **UFC** অফিস চালানো ব্যয়ঃ (৯) কাগজপত্র, স্টেশনারী, অন্যান্য আনুষঙ্গিক বিষয় (১০) সভার ও অন্যান্য চিঠিপত্র টাইপ করা বাবদ (১১) সভার দিনে কাজ করার জন্য ১জন পিওনের মজুরী (১২) আয় বিধায় তহবিল সম্পর্কে হিসাবরক্ষণ, নথিপত্র সংরক্ষণ ইত্যাদি যাবতীয় কাজের জন্য ব্যয়(উপজেলা ফিসারীজ অফিসের অফিস সহকারীর সম্মানী ভাতা মাসে সর্বোচ্চ টাঃ ২০০.০০) (১৩) কমিটি কর্তৃক পূর্ব-অনুমোদিত এতদসংক্রান্ত অপ্রত্যাশিত খাতে ব্যয়, অডিট ফি (যদি দরকার হয়)	৩৩%	৩৩%	৩০%	৩৩%	২৬%
২	জলাভূমি, **RMO, FRUG** সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন/ পরিবীক্ষণ এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের ভ্রমণ ভাতা (১) UFO এর জন্য (২) AFO এর জন্য (৩) UNO এর জন্য (৪) DFO এর জন্য (৫) DC / AD(Rev)এর জন্য	২০%	২১%	২০%	২০%	২৫%

ক্রঃ	ব্যয়ের খাত	এসটিডি একাউন্ট ১ এ জমাকৃত অর্থের বাৎসরিক ব্যয়ের খাতওয়ারী সর্বোচ্চ হার (%)				
		শ্রীমংগল	মৌলভী বাজার	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
৩	**UFO, UNO, DFO** এর যানবাহনের জ্বালানী ও ছোটখাট মেরামত ও অন্যান্য বাবত					
	(১) UFO জ্বালানী ও ছোটখাট মেরামত এবং মোবাইল ফোন কার্ড (মাসে সর্বোচ্চ ৪০০/- টাকা) বাবত	২০%	২০%	২০%	২২%	২৪ %
	(২) UNO জ্বালানী ও ছোটখাট মেরামত বাবত					
	(৩) DFO জ্বালানী ও ছোটখাট মেরামত বাবত					
৪	জলাভূমি সংক্রান্ত কতিপয় কার্যক্রমে **UFC** কর্তৃক সরাসরি ব্যয়	২৭% বা ততোধিক	২৬% বা ততোধিক	৩০% বা ততোধিক	২৫% বা ততোধিক	২৫% বা ততোধিক
	(১) জলাভূমি ব্যবস্থাপনায় হালনাগাদ তথ্যাদি বিষয়ে সচেতনতা অনুষ্ঠান					
	(২) জলাভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ					
	(৩) RMO সদস্যদের নিয়ে বার্ষিক পর্যালোচনা সভা, দিবস উৎযাপন, ফিল্ড দিবস ইত্যাদি					
	(৪) মেলায় অংশ গ্রহণ					
	(৫) মৎস্য আইন প্রয়োগে সহযোগিতা					
	(৬) জলাভূমি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে কর্মশালা					

সংলগ্নী -২

জলাভূমির ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ, উন্নয়ন ইত্যাদি বিষয়ে সম্পদ ব্যবস্থাপনা সংগঠনকে অনুদান হিসাবে প্রদানযোগ্য খাতের ও এসটিডি একাউন্ট ২ এর ব্যয়ের বিবরণ

ক্রঃ	ব্যয়ের খাত	এসটিডি একাউন্ট ২ এ জমাকৃত অর্থের বাৎসরিক ব্যয়ের সম্ভাব্য আনুপাতিক হার				
		শ্রীমংগল	মৌলভী বাজার	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
১	স্থায়ী অভয়াশ্রম (সরকার ঘোষিত) ব্যবস্থাপনায় সহযোগিতা	এস টি ডি একাউন্ট- ২ থেকে নুনতম টাঃ ২.০০লক্ষ	--------------প্রযোজ্য নহে --------			
	(১) পাহারাদারের বেতন					
	(২) নৌকা তৈরি ও রক্ষনাবেক্ষণ					
	(৩) পাহারাদারের ছাতা, টর্চ, ব্যাটারী ইত্যাদি					
	(৪) পরিদর্শন টাওয়ার, গার্ডসেড, সাইনবোর্ড ইত্যাদি রক্ষনাবেক্ষণ					
	(৫) UFC এর সদস্য কর্তৃক স্থায়ী অভয়াশ্রমে পাহারা তদারকীর জন্য নৌকা ভাড়া					
	(৬) আরএমও সদস্য কর্তৃক সময় সময় স্থায়ী অভয়াশ্রম তদারকীর জন্য ভাতা					
	(৬) স্থায়ী অভয়াশ্রমে পুনরুদ্ধার কাজ, এবং উহার রক্ষণাবেক্ষণ, অন্যান্য সংশ্লিষ্ট কাজ এবং প্রয়োজন বোধে যন্ত্রপাতি ক্রয় ইত্যাদি বাবদ					
	(৭) স্থায়ী অভয়াশ্রমের জন্য অতিজরুরী কোন কাজ (UFC এর অনুমোদন নিয়ে)					
২	জলাভূমি উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত	এস টি ডি একাউন্ট- ২এ জমাকৃত অর্থের ৬০ % বা ততোধিক।	এস টি ডি একাউন্ট- ২এ জমাকৃত অর্থের ৯৩ % বা ততোধিক। স্থায়ী অভয়াশ্রম রক্ষায় ও রক্ষণাবেক্ষনে অগ্রাধিকার দিতে হইবে।			
	(১) ছোটখাট খনন কাজ					
	(২) নতুন অভয়াশ্রম প্রতিষ্ঠা					
	(৩) জলজ/ রাইপেরিয়ান বৃক্ষের নতুন বনায়ন					
	(৪) পুরাতন অভয়াশ্রমের মেরামত কাজে আংশিক ব্যয় নির্বাহ					
	(৫) UFC কর্তৃক জলাভূমি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত পূর্ব -অনুমোদিত অন্যান্য স্কীমে বা কাজে ব্যয়					
	(৬) এই পরিপত্রে আওতাধীন এসটিডি-২ এর অর্থের আয়-ব্যয়ের অডিট ফি					

সংলগ্নী - ৩

সম্পদ ব্যবস্থাপনা সংগঠনকে ঋণ হিসাবে প্রদানযোগ্য খাতের বিবরণ

ক্রঃ	ঋণ প্রদানের খাত	পরিকল্পনা অনুমোদন সাপেক্ষে সম্ভাব্য পরিমাণ			
		শ্রীমংগল	ঝিনাইগাতি	শেরপুর সদর	কালিয়াকৈর
১	জরুরী বা অপরিহার্য ক্ষেত্রে অথবা যাহা আরএমও এর সম্পূরক আয় বৃদ্ধিতে ভূমিকা রাখিবে	এস টি ডি একাউন্ট- ২এ জমাকৃত অর্থের সর্বোচ্চ ৭%			

৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়
মৎস্য -৩ শাখা

নং-মপম/ম-৩/মাচ-১/২০০২(অংশ)/১২ তারিখ : ১৬/০১/২০০৭।

মাচ ('Management of Acquatic Ecosystems through Community Husbandry-MACH)' প্রকল্পের আওতাধীন গাজীপুর জেলার কালিয়াকৈর, শেরপুর জেলার শেরপুর সদর ও ঝিনাইগাতী এবং মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর ও শ্রীমঙ্গল এ ৫টি উপজেলায় প্রকল্পের সম্পদ ব্যবস্থাপনা সংগঠন (Resource Management Organization-RMO), সম্পদ ব্যবহারকারী সংগঠন (Federation of Resource Users Group-FRUG), আয় বিধায়ক তহবিল (Endowment Fund), জলাভূমি সম্পদ রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে ব্যবস্থাপনা ও সার্বিক তত্ত্বাবধানের লক্ষ্যে বিদ্যমান স্থানীয় সরকার কমিটি (Local Government Committee-LGC) এর স্থলে উপজেলা ফিশারিজ কমিটি (Upzilla Fisheries Committee - UFC) গঠন করা হল :

উপজেলা ফিশারিজ কমিটির সদস্যবৃন্দ :

১.	উপজেলা নির্বাহী অফিসার	- চেয়ারম্যান
২.	সহকারী কমিশনার (ভূমি)	- সদস্য
৩.	উপজেলা কৃষি কর্মকর্তা	- সদস্য
৪.	উপজেলা পশুসম্পদ কর্মকর্তা	- সদস্য
৫.	উপজেলা ইঞ্জিনিয়ার (এল.জি.ই.ডি)	- সদস্য
৬.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	- সদস্য
৭.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	- সদস্য
৮.	উপজেলা শিক্ষা অফিসার	- সদস্য
৯.	সহকারী কনজারভেটর, বন	- সদস্য
১০.	থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা	- সদস্য
১১.	উপজেলা সমবায় কর্মকর্তা	- সদস্য
১২.	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	- সদস্য
১৩.	উপজেলার প্রতিটি আর.এম.ও এবং আর.ইউ.জির প্রতিনিধি	- সদস্য
১৪.	সকল আর.এম.ও এবং আর.ইউ.জির পক্ষে দুই জন মহিলা প্রতিনিধি	- সদস্য
১৫.	উপজেলাস্থ জলাভূমিতে কর্মরত এন.জি.ও সমূহের পক্ষে একজন প্রতিনিধি (যদি থাকে)	- সদস্য
১৬.	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা	- সদস্য সচিব

উপজেলা ফিশারিজ কমিটির কার্যপরিধি :

ক. সম্পদ ব্যবস্থাপনা :

১. জলমহাল এবং অন্যান্য জলাভূমিসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং কার্যক্রম নিশ্চিত করার জন্য সভা আহবান অথবা সরেজমিনে দর্শন পূর্বক সম্পদ ব্যবস্থাপনা সংগঠন/সম্পদ ব্যবহারকারী সংগঠন এবং জলাভূমির অন্যান্য ভোগকারীগণের কার্যাবলী পর্যালোচনা ও পরিবীক্ষণ করা ;
২. সম্পদ ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক জলমহালগুলির সুব্যবস্থাপনা সাপেক্ষে, ইজারাকাল বৃদ্ধির জন্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট সুপারিশ করা ;
৩. সম্পদ ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক জলাভূমি ব্যবস্থাপনা সঠিকভাবে পালিত না হওয়া অথবা মৎস্যজীবিগণের স্বার্থ রক্ষা না করার ক্ষেত্রে ইজারা বাতিলের জন্য সুপারিশ করা ;
৪. সম্পদ ব্যবস্থাপনা সংগঠন এর ব্যবস্থাপনাধীন জলমহালগুলির সীমানা সঠিকভাবে নির্ধারন করা ;
৫. জাতীয় পর্যায়ের সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং উপজেলা ফিশারিজ কমিটি কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা পরিকল্পনা অনুসরণপূর্বক টেকসই পদ্ধতিতে মৎস্য আহরণ বিষয়ে মৎস্যজীবি সম্প্রদায় এবং অন্যান্যদের পরামর্শ ও উৎসাহ প্রদান করা;
৬. সম্ভাব্য ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপনা সংগঠন / সম্পদ ব্যবহারকারী সংগঠন এর সদস্যগণের প্রশিক্ষণের বিষয়ে সহায়তা করা ;
৭. সম্পদ ব্যবস্থাপনা সংগঠন প্রণীত স্বল্প ও দীর্ঘমেয়াদী ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ অনুমোদন করা ;
৮. জলজ সম্পদ এবং মৎস্যজীবি সম্প্রদায়সমূহের তালিকা সংরক্ষণ করা।

ঘ. **সমন্বয় ঃ**

১. বিভিন্ন সম্পদ ব্যবস্থাপনা সংগঠন / সম্পদ ব্যবহারকারী সংগঠনের ব্যবস্থাপনা পরিকল্পনা এবং সাধারন কার্যক্রমের সমন্বয় নিশ্চিত করা। সম্পদ ব্যবস্থাপনা সংগঠন এর নিজেদের মধ্যে অথবা জলাভূমির অন্যান্য ব্যবহারকারীদের সহিত মতান্তরের সু-সমাধান করা;

২. এমন কোন কার্যক্রম যা পানি নিষ্কাশন, পানির গতিপথ রুদ্ধকরণ, পানি দূষণ ইত্যাদি দ্বারা জলাভূমির অবনতি বা বিলুপ্তি ঘটাতে পারে উহার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৩. সম্পদ ব্যবস্থাপনা সংগঠন / সম্পদ ব্যবহারকারী সংগঠনগুলিকে তাদের কার্যক্রমের বিষয়ে উদ্ভূত পরিস্থিতি অথবা সমস্যা সমাধানের বিষয়ে সহায়তা প্রদান করা ;

৪. জলজ সম্পদ ব্যবস্থাপনা বা তদারকি সম্পর্কিত বিশেষ কার্যক্রম এর জন্য প্রয়োজন মোতাবেক সাব-কমিটি গঠন করা ;

৫. প্রতি তিন মাস অন্তর একবার সভা আহবান করা এবং সকল সদস্যদেরকে সভার কার্যবিবরণী প্রদান করা;

৬. অমিমাংসিত আন্তঃবিভাগীয় বিষয়গুলি উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উত্থাপন করা;

৭. সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা মৎস্য কর্মকর্তাকে কমিটির কার্যক্রম সম্পর্কে অবহিত করা।

তহবিল ঃ

১. উপজেলা বার্ষিক উন্নয়ন তহবিল হতে জলাভূমি ব্যবস্থাপনার জন্য অর্থ ছাড় করানো এবং সম্ভাব্য ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপনা সংগঠনগুলির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অর্থ সাহায্য প্রদানের জন্য সুপারিশ করা ;

২. যে সকল ক্ষেত্রে সম্পদ ব্যবহারকারী সংগঠনগুলি ক্ষুদ্র ঋণদান কর্মসূচী বাস্তবায়ন করবে সে সব ক্ষেত্রে তাদের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাপূর্বক ঐ সকল ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করা সহ এ সকল সম্পদ ব্যবহারকারী সংগঠনগুলিকে প্রয়োজন মোতাবেক পরামর্শ প্রদান করা ;

৩. যেখানে উপজেলা কিশ্বারিজ কমিটি এবং সম্পদ ব্যবস্থাপনা সংগঠনগুলির জন্য আয় বিধায়ক তহবিল প্রতিষ্ঠা করা হয়েছে সেখানে অর্থ ছাড়, অর্থের ব্যবহার, ব্যবস্থাপনা এবং উহার নিরাপত্তা নিশ্চিত করা।

০২/৩/০৭

(অনল চন্দ্র দাস)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭০০৫২।

বিতরণ ঃ

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, পশুসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, ঢাকা।
১২. জেলা প্রশাসক, মৌলভীবাজার/শেরপুর/গাজীপুর।
১৩. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার/শেরপুর/গাজীপুর।
১৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর / শেরপুর সদর, ঝিনাইগাতী, শেরপুর / মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১৫. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা / উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর / শেরপুর সদর, ঝিনাইগাতী, শেরপুর / মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১৬. Mr. Darell L. Deppert, Chief of Party, MACH Project, House No.2 (2nd, 3rd & 4th Floor), Road no.23/A, Gulshan-1, Dhaka-1212.
১৭. প্রকল্প পরিচালক, মাচ (MACH) কার্যক্রমে বিনিয়োগ সহায়তা প্রকল্প, হাউজ নং-২, রোড নং-২৩/১৪, গুলশান-১,ঢাকা-১২১২।

ঘ. সমন্বয় ঃ

১. বিভিন্ন সম্পদ ব্যবস্থাপনা সংগঠন / সম্পদ ব্যবহারকারী সংগঠনের ব্যবস্থাপনা পরিকল্পনা এবং সাধারন কার্যক্রমের সমন্বয় নিশ্চিত করা। সম্পদ ব্যবস্থাপনা সংগঠন এর নিজেদের মধ্যে অথবা জলাভূমির অন্যান্য ব্যবহারকারীদের সহিত মতান্তরের সু-সমাধান করা;

২. এমন কোন কার্যক্রম যা পানি নিষ্কাশন, পানির গতিপথ রুদ্ধকরণ, পানি দূষণ ইত্যাদি দ্বারা জলাভূমির অবনতি বা বিলুপ্তি ঘটাতে পারে উহার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৩. সম্পদ ব্যবস্থাপনা সংগঠন / সম্পদ ব্যবহারকারী সংগঠনগুলিকে তাদের কার্যক্রমের বিষয়ে উদ্ভূত পরিস্থিতি অথবা সমস্যা সমাধানের বিষয়ে সহায়তা প্রদান করা ;

৪. জলজ সম্পদ ব্যবস্থাপনা বা তদারকি সম্পর্কিত বিশেষ কার্যক্রম এর জন্য প্রয়োজন মোতাবেক সাব-কমিটি গঠন করা ;

৫. প্রতি তিন মাস অন্তর একবার সভা আহবান করা এবং সকল সদস্যদেরকে সভার কার্যবিবরণী প্রদান করা;

৬. অমিমাংসিত আন্তঃবিভাগীয় বিষয়গুলি উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উত্থাপন করা;

৭. সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা মৎস্য কর্মকর্তাকে কমিটির কার্যক্রম সম্পর্কে অবহিত করা।

তহবিল ঃ

১. উপজেলা বার্ষিক উন্নয়ন তহবিল হতে জলাভূমি ব্যবস্থাপনার জন্য অর্থ ছাড় করানো এবং সম্ভাব্য ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপনা সংগঠনগুলির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অর্থ সাহায্য প্রদানের জন্য সুপারিশ করা ;

২. যে সকল ক্ষেত্রে সম্পদ ব্যবহারকারী সংগঠনগুলি ক্ষুদ্র ঋণদান কর্মসূচী বাস্তবায়ন করবে সে সব ক্ষেত্রে তাদের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাপূর্বক ঐ সকল ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করা সহ এ সকল সম্পদ ব্যবহারকারী সংগঠনগুলিকে প্রয়োজন মোতাবেক পরামর্শ প্রদান করা ;

৩. যেখানে উপজেলা কিশোরিত কমিটি এবং সম্পদ ব্যবস্থাপনা সংগঠনগুলির জন্য আয় বিধায়ক তহবিল প্রতিষ্ঠা করা হয়েছে সেখানে অর্থ ছাড়, অর্থের ব্যবহার, ব্যবস্থাপনা এবং উহার নিরাপত্তা নিশ্চিত করা।

(অনল চন্দ্র দাস)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭০০৫২।

বিতরণ ঃ

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, পশুসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, ঢাকা।
১২. জেলা প্রশাসক, মৌলভীবাজার/শেরপুর/গাজীপুর।
১৩. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার/শেরপুর/গাজীপুর।
১৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর / শেরপুর সদর, ঝিনাইগাতী, শেরপুর / মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১৫. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা / উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর / শেরপুর সদর, ঝিনাইগাতী, শেরপুর / মৌলভীবাজার সদর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১৬. Mr. Darell L. Deppert, Chief of Party, MACH Project, House No.2 (2nd, 3rd & 4th Floor), Road no.23/A, Gulshan-1, Dhaka-1212.
১৭. প্রকল্প পরিচালক, মাচ (MACH) কার্যক্রমে বিনিয়োগ সহায়তা প্রকল্প, হাউজ নং-২, রোড নং-২৩/১৪, গুলশান-১,ঢাকা-১২১২।